**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-06-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

................................................................

**18th Loksabha**

অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন আজ শুরু হচ্ছে। এই অধিবেশনে লোকসভার নবনির্বাচিত সদস্যদের শপথগ্রহণ অনুষ্ঠিত হবে। প্রবীণ বিজেপি সাংসদ ভাতৃর্হরি মহতাব এজন্য প্রোটেম স্পীকার হিসেবে নিযুক্ত হয়েছেন। তিনি নবনির্বাচিত লোকসভা সদস্যদের শপথগ্রহণ করাবেন। লোকসভার নতুন স্পীকার নির্বাচন করা হবে আগামী ২৬ জুন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু রাজ্যসভা ও লোকসভার যৌথ অধিবেশনে ভাষণ দেবেন সাতাশ জুন।

************

**Union Home Minister**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের পৌরহিত্যে গতকাল নয়াদিল্লিতে উত্তর পূর্বের বন্যা মোকাবিলার প্রস্তুতি পর্যালোচনা নিয়ে এক উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়।এই বৈঠকে ব্রহ্মপুত্র নদের জল ঘুরিয়ে উত্তরপূর্বাঞ্চলে ৫০টি বড় জলাশয় নির্মাণের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। জলাশয়গুলো বন্যা মোকাবিলার পাশাপাশি কৃষি, সেচ ও পর্যটনের উন্নয়নে সহায়তা করবে। তাছাড়া এই বৈঠকে সিকিম ও মণিপুরে সাম্প্রতিক বন্যার বিষয়ে বিস্তারিত সমীক্ষা করে স্বরাষ্ট্র মন্ত্রকের কাছে রিপোর্ট জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট বিভাগগুলিকে নির্দেশ দেন স্বরাষ্ট্রমন্ত্রী। দেশে বন্যার বিপদ কমিয়ে আনার জন্য একটি সামগ্রিক সুদূর প্রসারী নীতি প্রণয়নের জন্য দীর্ঘমেয়াদী পদক্ষেপ নিয়েও বৈঠকে বিস্তারিত আলোচনা হয়।

************

**Panchayat-final voter list:**

রাজ্যে আসন্ন ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা আজ প্রকাশ করা হবে। মোট ৩৫ জন নির্বাচন নিবন্ধন আধিকারিক তথা বিডিও স্ব স্ব ব্লক এলাকার নির্বাচনী ক্ষেত্রগুলির চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করবেন। তারা গত ৬ জুন খসড়া ভোটার তালিকা প্রকাশ করেছিলেন। খসড়া ভোটার তালিকায় মোট ভোটার সংখ্যা ১২ লক্ষ ৯৫ হাজার ৮৬ জন। এদিকে রাজ্য নির্বাচন কমিশন রাজ্যের ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য আনুষাঙ্গিক সব ধরনের প্রস্তুতি নিতে শুরু করেছে। এই নির্বাচনে ৬ হাজার নয়শো'র ও বেশি আসনে ভোট গ্রহণ করা হবে। এরমধ্যে আটটি জিলা পরিষদে আসন রয়েছে ১১৬ টি, পয়ঁত্রিশটি পঞ্চায়েত সমিতিতে আসন ৪২৩টি এবং ৬০৬ টি গ্রাম পঞ্চায়েতে মোট আসন রয়েছে ৬৩৭২ টি।

****************

**NEET(UG)/ CBI Probe:**

CBI মেডিক্যাল প্রবেশিকা নীট (আন্ডার গ্র্যাজুয়েট) পরীক্ষায় প্রশ্ন পত্র ফাঁস নিয়ে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের অভিযোগের ভিত্তিতে গতকাল একটি FIR নথিভুক্ত করেছে। CBI দেশ জুড়ে এই নিয়ে বিভিন্ন মামলার ব্যাপক তদন্তের উদ্যোগ নিয়েছে। এদিকে গতকালই কেন্দ্রীয় শিক্ষামন্ত্রক এই পরীক্ষায় কথিত অনিয়মের ব্যাপক তদন্তের দায়িত্ব দিয়েছে সি বি আই-কে। এক বিবৃতিতে মন্ত্রক বলেছে, পরীক্ষার স্বচ্ছতা নিশ্চিত করা এবং পরীক্ষার্থীদের স্বার্থ সুরক্ষায় সরকার দৃঢ়প্রতিজ্ঞ। কোনো ব্যক্তি বা সংস্হা এধরনের অনিয়মে জড়িত থাকলে কঠোরতম পরিণতির মুখোমুখি হতে হবে বলে এই বিবৃতিতে পুনরায় উল্লেখ করা হয়েছে।

*************

স্বাস্থ্যকর্মীদের প্রতিনিধি দল গেল দুর্গাপুর গ্রামে।

কল্যাণপুর বিধানসভার অন্তর্গত দুর্গাপুর গ্রামে জ্বর ও ডায়রিয়া রোগে আক্রান্তদের চিকিৎসার জন্য ৬ সদস্যের একটি স্বাস্থ্য দপ্তরে প্রতিনিধি দল গতকাল গ্রামের প্রত্যেকটি বাড়িতে যান এবং অসুস্থদের সুস্থ করে তুলতে প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করেন। খোয়াই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাক্তার নির্মল সরকার জানান, এই গ্রামে মোট ৩১ টি পরিবারের ৬১ জন সদস্য জ্বর ও ডাইরিয়া রোগে আক্রান্ত। এরমধ্যে ১৭ পরিবারের ২৭ জনকে খোয়াই জেলা হাসপাতাল, তেলিয়ামুড়া মহকুমা হাসপাতাল এবং কল্যাণপুর কমিউনিটি হাসপাতালে চিকিৎসা করানো হচ্ছে। মূলত কূয়ার জল পান করার ফলেই গ্রামের মানুষজন ডায়রিয়া রোগে আক্রান্ত হন। জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক জানিয়েছেন, বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে।

************

পাবলিশার এন্ড বুকসেলার্স এসোসিয়েশনের বার্ষিক সম্মেলন

পাবলিশার এন্ড বুকসেলার্স এসোসিয়েশনের বার্ষিক সম্মেলন আগরতলা প্রেসক্লাবে অনুষ্ঠিত হয়। সম্মেলনের উদ্বোধন করেন ত্রিপুরা সংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলা সভাপতি হরিদুলাল আচার্য, জয়রাম লাইব্রেরীর কর্ণধার সুদাম চন্দ্র সাহা সহ অন্যরা। সম্মেলন শেষে নতুন কমিটি গঠন করা হয়েছে।এতে সভাপতি হিসেবে গৌড়দা সাহা এবং সম্পাদক হিসেবে রাখাল মজুমদার নির্বাচিত হন ।

***********

**Tipra engineer society:**

ত্রিপুরা ইঞ্জিনিয়ার সোসাইটির উদ্যোগে আগরতলা প্রেস ক্লাবে মান উন্নয়নের উদ্দেশ্যে গতকাল এক কর্মশালার আয়োজন করা হয়। সংগঠনের সম্পাদক জীবন দেববর্মা জানান, ২০২২ সাল থেকে এই ধরনের কর্মশালার আয়োজন করা হচ্ছে। এর মূল উদ্দেশ্য ছাত্রছাত্রীদের উচ্চ শিক্ষায় আরো দক্ষ করে তোলা।

*************

---

**Asha Workers Meeting:**

আয়ুস্মান ভারত ও আয়ুষ্মান ভারত হেল্থ একাউন্ট (ABHA) যোজনা সম্পর্কে মানুষকে সচেতন করতে গতকাল সাব্রুম পুরাতন টাউন হলে এবং সাতচাঁদ কমিউনিটি হলে আশা ও আশা ফেসিলেটরদের নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সাব্রুম মহকুমা স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে আয়োজিত দুইটি সভাতেই বিধায়ক মাইলাফ্রু মগ ও দক্ষিণ জেলার আশা নোডাল অফিসার ডা: সৌমিক হাজরা বক্তব্য রাখেন।

************

বিশ্ব অ্যাথলেটিক্সে ত্রিপুরার ৬ জন

সুইডেনে গুটেনবার্গে ২৬তম বিশ্ব মাষ্টার্স অ্যাথলেটিক্সের আসর আগামী ১৩ থেকে ২৫ আগষ্ট হবে। বিশ্ব আসরে ভারতের হয়ে খেলার জন্য ত্রিপুরার ৬ জন মাষ্টার্স অ্যাথলিট নির্বাচিত হয়েছেন। নির্বাচিতরা হলেন শেফালী বর্ধন, জবা পাল দত্ত, মিতালী দেবনাথ, অর্চনা বণিক, মমতা নাথ ও কাজল চন্দ্র দাস। রাজ্য মাস্টার্স অ্যাথলেটিক্স সংস্থার সচিব পঙ্কজ বিহারী সাহা এখবর জানিয়েছেন।

************

**Weather:**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ পঁয়ত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি

থাকবে। আগামী চব্বিশ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে।

************

*************

**Panchayat-final voter list:**

রাজ্যে আসন্ন ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা আজ প্রকাশ করা হবে। মোট ৩৫ জন নির্বাচন নিবন্ধন আধিকারিক তথা বিডিও স্ব স্ব ব্লক এলাকার নির্বাচনী ক্ষেত্রগুলির চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করবেন। তারা গত ৬ জুন খসড়া ভোটার তালিকা প্রকাশ করেছিলেন। খসড়া ভোটার তালিকায় মোট ভোটার সংখ্যা ১২ লক্ষ ৯৫ হাজার ৮৬ জন। এদিকে রাজ্য নির্বাচন কমিশন রাজ্যের ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য আনুষাঙ্গিক সব ধরনের প্রস্তুতি নিতে শুরু করেছে। এই নির্বাচনে ৬  হাজার নয়শো'র ও  বেশি আসনে ভোট গ্রহণ করা হবে। এরমধ্যে আটটি জিলা পরিষদে আসন রয়েছে ১১৬ টি, পয়ঁত্রিশটি পঞ্চায়েত সমিতিতে আসন ৪২৩টি এবং ৬০৬ টি গ্রাম পঞ্চায়েতে মোট আসন রয়েছে ৬৩৭২ টি।

**Panchayat-final voter list:**

রাজ্যে আসন্ন ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে। মোট ৩৫ জন নির্বাচন নিবন্ধন আধিকারিক তথা বিডিও স্ব স্ব ব্লক এলাকার নির্বাচনী ক্ষেত্রগুলির চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করবেন। তারা গত ৬ জুন খসড়া ভোটার তালিকা প্রকাশ করেছিলেন। খসড়া ভোটার তালিকায় মোট ভোটার সংখ্যা ১২ লক্ষ ৯৫ হাজার ৮৬ জন। এদিকে রাজ্য নির্বাচন কমিশন রাজ্যের ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনের জন্য আনুষাঙ্গিক সব ধরনের প্রস্তুতি নিতে শুরু করেছে। এই নির্বাচনে ৬ হাজার নয়শো'র ও বেশি আসনে ভোট গ্রহণ করা হবে। এরমধ্যে আটটি জিলা পরিষদে আসন রয়েছে ১১৬ টি, পয়ঁত্রিশটি পঞ্চায়েত সমিতিতে আসন ৪২৩টি এবং ৬০৬ টি গ্রাম পঞ্চায়েতে মোট আসন রয়েছে ৬৩৭২ টি।

**18th Loksabha:** 24-06-2024

অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে। এই অধিবেশনে লোকসভার নবনির্বাচিত সদস্যদের শপথগ্রহণ অনুষ্ঠিত হবে। প্রবীণ বিজেপি সাংসদ ভাত্র্রুহরি মহতাব এজন্য প্রোটেম স্পীকার হিসেবে নিযুক্ত হয়েছেন। তিনি নবনির্বাচিত লোকসভা সদস্যদের শপথগ্রহণ করাবেন। লোকসভার নতুন স্পীকার নির্বাচন করা হবে আগামী ২৬ জুন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু রাজ্যসভা ও লোকসভার যৌথ অধিবেশনে ভাষণ দেবেন সাতাশে জুন। একই দিনে শুরু হবে রাজ্যসভার অধিবেশনও। আগামী মাসের তিন তারিখ সংসদের অধিবেশন শেষ হচ্ছে ।

************

Akashbani news-agartala

**Weather:** 24-06-2024

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ পঁয়ত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আগামী চব্বিশ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে।

◌ी◌ी◌ी◌ी